



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
সংস্থাপন শাখা- ০৪  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.০৪.১২৮.২৪-২৩৬

তারিখঃ ১৫/০৪/২০২৪খ্রি.

**বিষয়:** জনাব মোহাম্মদ শামসুল হক গং কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-২৭৫২/২০২৪ মামলার গত ১১/০৩/২০২৪ খ্রি. তারিখের আদেশ মোতাবেক বাদীগণের দাখিলকৃত আবেদন (এনেক্স-আই) নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

**সূত্রঃ** ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২৪.পলিঃইসঃ৭৪.৬২৯।

১। উপরোক্ত সূত্রের মূলে পরিচালক(ডোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে- কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২৪.পলিঃইসঃ৭৪.৬২৯ নং স্মারক মোতাবেক জনাব মোহাম্মদ শামসুল হক এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউটের ক্রাফট ইন্সট্রাক্টর গং কর্তৃক গত ০৫/১০/২০২৩ খ্রি. তারিখে ক্রাফট ইন্সট্রাক্টর পদ হতে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/নন টেক) পদে ৫০% পদোন্নতির বিধান রেখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর-১৫৫, তারিখ: ২৬/১০/২০২১ এর (১০৪-১৪৬) নিয়োগ সম্পন্ন করার জন্য মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদন নিষ্পত্তি না হওয়ায় তারা সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-২৭৫২/২০২৪ মামলা দায়ের করেন।

২। মহামান্য হাইকোর্ট গত ১১/০৩/২০২৪ খ্রি. তারিখে উক্ত মামলায় রুল ইস্যু না করে বাদীগণের গত ০৫/১০/২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন (এনেক্স-আই) ৬০ দিনের মধ্যে নিষ্পত্তির আদেশ প্রদান করেছেন।

৩। কারিগরি শিক্ষা অধিদপ্তর/ অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২০ মোতাবেক ১৩ম গ্রেড ক্রাফট ইন্সট্রাক্টর (সপ/টিআর) পদ হতে ১০ম গ্রেডের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/নন টেক) পদে পদোন্নতির সুযোগ নেই।

৪। বর্ণিতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তর/অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২০ অধীনে ক্রাফট ইন্সট্রাক্টর (সপ/টিআর) পদ হতে ১০ম গ্রেডের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/নন টেক) পদে পদোন্নতির সুযোগ নেই মর্মে বাদী জনাব মোহাম্মদ শামসুল হক এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউটের ক্রাফট ইন্সট্রাক্টর গং কর্তৃক আবেদনটি (এনেক্স-আই) নিষ্পত্তি করা হলো।

(এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন)  
পরিচালক (পিআইডব্লিউ)[যুগ্মসচিব]

**প্রাপক,**

মোঃ সালাহউদ্দিন আহাম্মদ

পরিচালক (ডোকেশনাল)[যুগ্মসচিব]

[দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক-১০, আইন সেল]

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.০৪.১২৮.২৪-২৩৬

তারিখঃ ১৫/০৪/২০২৪খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণ এবং এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. মোঃ বাবুল হোসেন, ক্রাফট ইন্সট্রাক্টর(টিআর), টেলিকমিউকেশন, যশোর পলিটেকনিক ইনস্টিটিউট, জনাব মোহাম্মদ শামসুল হক গং।
৫. সংরক্ষণ নথি।

(ড. মোহাম্মদ কামরুজ্জামান)  
সহকারী পরিচালক  
dte.ec.ad4@gmail.com  
+৮৮ ০২ ২২২২৪৩০৪১